দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 28 JAN 2003 ...
পৃষ্ঠা ... ১১ কলাম ... ৬ ......

# এসএসসি পরীক্ষায় নকল সহ্য করা হবে না

....চেয়ারম্যান বরিশাল শিক্ষা বোর্ড

ভোলা ও দৌলতখান সংবাদদাতা।। রবিবার আসন্ন এসএসসি পরীক্ষা নকলমুক্ত পরিবেশে অনুষ্ঠানের লক্ষ্যে বরিশাল মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ডের

(১০ম পৃঃ দ্রঃ)

## এসএসসি পরীক্ষায়

(১১শ পৃঃ পর)

চেয়ারম্যান অধ্যক্ষ মোঃ আনোয়ারুল হক ভোলা প্রেস ক্লাবে সাংবাদিকদের সাথে মত বিনিময় সভায় মিলিত হন। বরিশাল বিভাগের জেলাগুলোতে পর্যায়ক্রমে মত বিনিময় সভার প্রথম সভা ভোলায় অনুষ্ঠিত হল। চেয়ারম্যান বলেন, পরীক্ষায় নকল ও অনিয়ম সহ্য করা হবেনা। এজন্য কঠোর শাস্তির বিধান রাখা হয়েছে। শিক্ষার মান উন্নয়নে সকল মহলকে যথোপযুক্ত দায়িত্ব পালন করতে হবে। তিনি সাংবাদিকদের সহযোগিতা কামনা করেন। বক্তব্য রাখেন অধ্যক্ষ ফারুকুর রহমান, অধ্যক্ষ মোফাজ্জল হোসেন শাহীন, অধ্যক্ষ আফসার উদ্দিন বাবলু, প্রফেসর এন এন তাজুল ইসলাম। চেয়ারম্যান ভোলা প্রেস ক্লাব ও জেলা বাকৃশিসকে ১০ হাজার টাকা করে বোর্ডের তহবিল থেকে প্রদান করেন।